

২০২৪

বাংলা

[অনার্স]

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

দ্বিতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-H-GE-T-2

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ):

গদ্যের বিকাশ, সাময়িক পত্র ও ভাষার ইতিহাস]

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ধ্বনি পরিবর্তনের একটি কারণ লেখো।

খ) 'বঙ্গদর্শন' পত্রিকাতে প্রকাশিত দুটি রচনার উল্লেখ করো।

গ) আদিমধ্য বাংলা ভাষার একটি সাহিত্যিক নিদর্শন লেখকের নামসহ উল্লেখ করো।

ঘ) 'এখন আর খাঁটি বাঙালি কবি জন্মে না— জন্মিবার যো নাই—
জন্মিয়া কাজ নাই।'

— কে কার সম্পর্কে এরূপ মন্তব্য করেছেন?

(পরের পাতায়)

- ঙ) দীনবন্ধু মিত্রের প্রথম নাটকটির নাম প্রকাশকালসহ উল্লেখ করো।
 চ) 'ভোরের পাখি' সম্ভাষণ কে কাকে করেছিলেন?
 ছ) 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে? কত সালে প্রকাশিত হয়েছিল?
 জ) 'দুর্গেশনন্দিনী' উপন্যাসের দুটি চরিত্রের নাম লেখো।
 ঝ) নাট্যকার মধুসূদন দত্তের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।
 ঞ) 'সকলেই কবি নয়। কেউ কেউ কবি।'

— এই বিশিষ্ট উক্তিটি কোন্ কবির? তিনি কোন্ গ্রন্থে এরূপ মন্তব্য করেছেন?

- ট) প্রাচীন বাংলা ভাষার বিস্তার আনুমানিক কত খ্রিস্টাব্দ থেকে কত খ্রিস্টাব্দ পর্যন্ত?
 ঠ) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? তিনি বাংলা গদ্যে কোন্ রীতির প্রবর্তক হিসাবে প্রসিদ্ধ?
 ড) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে যে তিনটি শ্রেণীতে ভাগ করা যায় সেগুলি কী কী?
 ঢ) 'লিপিমাল্য' গ্রন্থটি কার রচনা? গ্রন্থটির প্রকাশসাল কত?
 গ) অপিনিহিতি কাকে বলে?

- ২। 'ক' বিভাগ থেকে যে-কোনো তিনটি এবং 'খ' বিভাগ থেকে যে-কোনো একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

বিভাগ-ক

- ক) 'নীলদর্পণ' নাটক অবলম্বনে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব ব্যাখ্যা করো।
 খ) বাংলা সাহিত্যে 'সবুজপত্র' নামক পত্রিকার ভূমিকা সংক্ষেপে লেখো।

- গ) যুগসন্ধির কবি কাকে বলা হয়? কেন বলা হয়?
 ঘ) টীকা লেখো (যে কোনো দুটি) :
 অ) সারদামঙ্গল
 আ) সংবাদ প্রভাকর
 ই) ঘরে-বাইরে
 ঈ) কৃষ্ণকান্তের উইল

খ-বিভাগ

- ঙ) টীকা লেখো (যে কোনো দুটি) :
 অ) তত্ত্ব
 আ) স্বরসঙ্গতি
 ই) প্রাচীন বাংলার হৃদয়েরীতিগত বৈশিষ্ট্য
 ঈ) তৎসম
 চ) বরেন্দ্রী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
 ক) প্রহসন রচনায় নাট্যকার দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।
 খ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
 গ) বাংলা সাহিত্যে ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বুঝিয়ে দাও।
 ঘ) বাংলা কাব্যসাহিত্যে কবি রবীন্দ্রনাথের ভূমিকা সংক্ষেপে লেখো।